

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নিয়োগ ও প্রশিক্ষণ শাখা
ঢাকা


নং-এডি-পিএভও-৯৫৮/ ২৮-৪

তারিখঃ ২৯ আগস্ট ২০১৯

প্রাপক : মির্জা রেহানা পারভীন
সহকারী সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

নির্দেশিত হয়ে ক্যানবেরা, অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিতব্য “The International Graduate Program (IGP)”- শীর্ষক প্রশিক্ষণ কোর্স-এ অংশগ্রহণের জন্য আপনার অনুকূলে আগামী ০৪ সেপ্টেম্বর ২০১৯ থেকে ১৮ অক্টোবর ২০১৯ পর্যন্ত (ভ্রমণ সময় ব্যতীত) অস্ট্রেলিয়ায় ভ্রমণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

- ০২। উল্লিখিত মঞ্জুরীর শর্তাবলী নিম্নরূপঃ
- ক) বিদেশে অবস্থানকালীন সময়ে আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে। আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- খ) যাতায়াতের বিমান ভাড়া, বাসস্থান, দৈনিক ভাতা ও প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় ব্যয় আয়োজনকারী কর্তৃপক্ষ বহন করবে;
- গ) বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না;
- ঘ) ভ্রমণ শেষে দেশে ফিরে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফরমে প্রতিবেদন দাখিল করবেন। যথাসময়ে উক্ত প্রতিবেদন না পাওয়া গেলে ভ্রমণের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করেছেন মর্মে গণ্য করে আপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাবে;
- ঙ) উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আপনি আগামী ০৩ সেপ্টেম্বর ২০১৯ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং কোর্স শেষে ১৯ অক্টোবর ২০১৯ তারিখ বা তার নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন;
- চ) বিধি মোতাবেক প্রাপ্য ভাতা সংশ্লিষ্ট ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের '১১৮০১০১১০৪১২৫-৩২৩১৩০১-প্রশিক্ষণ' খাত হতে নির্বাহ করা হবে;
- ০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(নুসরাত জাহান)

সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)


ফোনঃ ৯৫৫৫৩২০

নং-এডি-পিএভও-৯৫৮/ ২৮-৪

তারিখঃ ২৯ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক (প্রশাসন/পূর্ব এশিয়া ও প্রশান্ত/এফএমও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। পরিচালক (এফএসও/এসএমও/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা [ফ্যাক্সঃ ৮৯০১৫৪৪]।
- ০৬। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা [মন্ত্রণালয়ের website-এ প্রকাশের অনুরোধসহ]
- ০৭। বাংলাদেশ হাইকমিশন, অস্ট্রেলিয়া।
- ০৮। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।



(নুসরাত জাহান)

সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)

ফোনঃ ৯৫৫৫৩২০